‘বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন’

# বার্ষিক প্রতিবেদন

# ২০২২-২০২৩

**উপজেলা সমবায় কার্যালয়**
**বীরগঞ্জ, দিনাজপুর।**

mswordcoverpages.com

# উপদেষ্টা



**মোঃ সারওয়ার মুর্শেদ**
**উপজেলা সমবায় অফিসার (অতিঃদাঃ)**
**বীরগঞ্জ, দিনাজপুর।**

# সম্পাদনা পরিষদ



মোঃ আনোয়ার হোসাইন
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়
বীরগঞ্জ, দিনাজপুর।



মোঃ সোহরাব আলী
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়
বীরগঞ্জ, দিনাজপুর।

## প্রচ্ছদ



মোঃ মুকুল হোসেন
অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর
উপজেলা সমবায় কার্যালয়
বীরগঞ্জ, দিনাজপুর।

প্রকাশকাল
অক্টোবর-২০২৩খ্রিঃ

প্রকাশনায়
উপজেলা সমবায় কার্যালয়, বীরগঞ্জ, দিনাজপুর
www.cooperative.birganj.dinajpur.gov.bd
Gmail:uco.birgonj.dinajpur@gmail.com
টেলিফোন নম্বরঃ ০২৫৮৮৮৭৮৬৮১



"আমার দেশের প্রতিটি মানুষ খাদ্য পাবে, আশ্রয় পাবে, শিক্ষা পাবে, উন্নত জীবনের অধিকারী হবে- এই হচ্ছে আমার স্বপ্ন। এই পরিপ্রেক্ষিতে গণমূখী সমবায় আন্দোলনকে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে।"

**- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান**



‘জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলাদেশ গড়ার কৌশল ছিল সমবায়।’

**-মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা**



-কাজী নজরুল ইসলাম

‘ওরে নিপীড়িত, ওরে ভয়ে ভীত শিখে যা আয়রে, আয়।
দুঃখ জয়ের নবীনমন্ত্র- ‘সমবায়, সমবায়!’
ক্ষুধার জ্বালায় মরেছি সুধার কলস থাকিতে ঘরে!
দারিদ্র্য, ঋণ, অভাবে জ্বলেছি না চিনে পরস্পরে!
মিলিত হইনি তাই আমাদের দুর্গতি ঘরে ঘরে!
সেই দুর্গতি-দুর্গ ভাঙিব সমবেত পদঘায়॥
মিলি পরমাণু পর্বত হয় সিন্ধু বিন্দু মিলে,
মানুষ শুধুই মিলিবে না কি রে মিলনের এ নিখিলে?
জগতে ছড়ানো বিপুল শক্তি কুড়াইয়া তিলে তিলে
আমরা গড়িব নতুন পৃথিবী সমবেত মহিমায়॥
দুর্ভিক্ষের, শোষণের আর পেষণের জাঁতাকলে
এক হয় নাই বলিয়া আমরা মরিয়াছি পলে পলে।
সকল দেশের সকল মানুষ আজি সহস্র দলে
মিলিয়াছি আসি - রবে না জগতে প্রবলের অন্যায়॥



"আমরা সমাজের অর্ধাঙ্গ, আমরা পড়িয়া থাকিলে সমাজ উঠিবে কীরূপ? কোনো ব্যক্তি এক পা বাঁধিয়া রাখিলে সে খোঁড়াইয়া খোঁড়াইয়া কতদূর চলিবে? পুরুষের স্বার্থ এবং আমাদের স্বার্থ ভিন্ন নহে। তাহাদের জীবনের উদ্দেশ্য বা লক্ষ্য যাহা আমাদের লক্ষ্য তাহাই।"

-বেগম রোকেয়া

বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
উপজেলা সমবায় কার্যালয়
বীরগঞ্জ, দিনাজপুর।

# মুখবন্ধ

উদ্যোক্তা সৃষ্টি, কর্মসংস্থান সৃষ্টি, বেকারত্ব হ্রাস, দারিদ্র বিমোচনের লক্ষ্যে পঁয়ত্রিশটি আর্থিক ও সেবা খাতে সমবায় সমিতি গঠন করা হচ্ছে । এ সমস্ত সমবায় সমিতির সদস্যগণের সঞ্চয় সংগ্রহের মাধ্যমে পুজিঁ গঠন, বিভিন্ন উৎপাদনমুখী কর্মকান্ডে বিনিয়োগ করা হচ্ছে । অর্জিত লাভ সদস্যদের মাঝে বন্টন করা হচ্ছে । সমবায় প্রতিষ্ঠানগুলির সক্ষমতাবৃদ্ধি করতে সমবায় সদস্যগণের দক্ষতা সৃষ্টি করতে বিভিন্ন প্রশিক্ষণের আয়োজন করা হচ্ছে। বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ঋণ প্রদানের সুযোগ সৃষ্টি হয়েছে।

স্বাধীনতা পরবর্তীকালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পবিত্র সংবিধানের ১৩(খ) অনুচ্ছেদে সমবায়কে মালিকানার অন্যতম গুরুত্বপূর্ণ খাত হিসেবে স্বীকৃতি দেন। এরই ধারাবাহিকতায় জাতির পিতার সুযোগ্য উত্তরাধিকারী মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক ঘোষিত রূপকল্প ২০২১ ও রূপকল্প ২০৪১ অষ্টম পঞ্চম বার্ষিকী পরিকল্পনা এবং জাতিসংঘ কর্তৃক ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ২০৩০ বাস্তবায়নের লক্ষ্যে সমবায় বিভাগ কাজ করছে।

দিনাজপুর জেলার বীরগঞ্জ উপজেলার  ১৮৮টি সমবায় সমিতি এবং ২২৭১৮ জন ব্যক্তি সদস্য রয়েছে। তাছাড়া দিনাজপুর জেলার বীরগঞ্জ উপজেলায় বিভিন্ন উপজেলায় উৎপাদনমুখী সমবায় সমিতি গঠন করা হয়েছে। সমবায়ীদের উৎপাদিত পণ্য বাজারজাতকরণের বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

অর্থনীতির সকল খাতেই আজ সমবায় কর্মকান্ড পরিচালিত হচ্ছে। জাতি গঠনমূলক সরকারি প্রতিষ্ঠান হিসাবে দিনাজপুর জেলার সমবায় কার্যালয়ের কার্যক্রম এ দেশের মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে যে অবদান রাখছে তার একটি চিত্র তুলে ধরার জন্য বার্ষিক প্রতিবেদন ২০২২-২৩ প্রকাশিত হতে যাচ্ছে। প্রতিবেদনটিতে জেলার সংগঠিত সমবায় সমিতিগুলোর সংখ্যা,ব্যক্তি সদস্য, শেয়ার মূলধন, সঞ্চয় আমানাত, গঠিত অন্যান্য তহবিল, ঋণ সংক্রান্ত তথ্য লভ্যাংশ বিতরণ ইত্যাদির চিত্র তুলে ধরা হয়েছে। প্রতিবেদনটি সরকারি নীতিনির্ধারক, গবেষক, সমবায় আন্দোলনের সাথে সম্পৃক্ত ব্যক্তিবর্গ, শিক্ষানুরাগীসহ সকল মহলের জন্য সহায়ক হবে বলে আমি মনে করি। বার্ষিক প্রতিবেদন ২০২২-২০২৩ প্রণয়নের জন্য তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও সম্পাদনার সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

জয় বাংলা

(মোঃ সারওয়ার মুর্শেদ)
উপজেলা সমবায় অফিসার (অতিঃদাঃ)
বীরগঞ্জ, দিনাজপুর।

# সূচিপত্র

প্রারম্ভিকা

১ম অধ্যায় ১. উপজেলা সমবায় কার্যালয়, বীরগঞ্জ, দিনাজপুর।

১.১ সাংগঠনিক কাঠামো
১.২ রুপকল্প
১.৩ অভিলক্ষ্য
১.৪ কৌশলগত উদ্দেশ্য
১.৫ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ
১.৬ কার্যাবলী

২য় অধ্যায় ২. সাফল্য ও সম্ভাবনা

২.১ উল্লেখযোগ্য সাফল্য
২.২ সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ
২.৩ ভবিষ্যৎ পরিকল্পনা :

৩য় অধ্যায় ৩. সমবায় সমিতি সংক্রান্ত তথ্য

৩.১ কার্যকর ও অকার্যকর সমিতির সংখ্যা
৩.২ সমিতির সদস্য সংখ্যা
৩.৩ শেয়ার মুলধন
৩.৪ সঞ্চয় আমানত
৩.৫ কার্যকারী মুলধন
৩.৬ ঋণ বিতরণ ও আদায়
৩.৭ সমিতির লভ্যাংশ বিতরণ
৩.৮ সমবায় উন্নয়ন তহবিল
৩.৯ অডিট ফি

৪র্থ অধ্যায় ৪. রাজস্ব আদায়

৪.২ নিবন্ধন ফি
৪.৩ অন্যান্য

৫ম অধ্যায় ৬.উপজেলা পর্যায়ে জাতীয় সমবায় পুরস্কার ২০২১ এর মনোনয়নের তালিকা

৬ম অধ্যায় ৭.প্রশিক্ষণ

৭ ভ্রাম্যমাণ প্রশিক্ষণ

৭ম অধ্যায় ৮. প্রকল্প

৮.১ আশ্রয়ণ প্রকল্প

৮ম অধ্যায় ৯.উপজেলার জনবল




## উপজেলা সমবায় কার্যালয়, বীরগঞ্জ, দিনাজপুর এর কর্মকর্তা-কর্মচারিদের টেলিফোন ডিরেক্টরি

| আইডি ও নাম | পদবী | ফোন নম্বর | ই মেইল |
|---|---|---|---|
| মোঃ সারওয়ার মুর্শেদ | উপজেলা সমবায় অফিসার(অতিঃদাঃ) | ০১৭৫২১৮৬৪৭১ | uco.birgonj.dinajpur@gmail.com |
| মোঃ আনোয়ার হোসাইন | সহকারী পরিদর্শক | ০১৭২২৮৪২০৮৬ | |
| মোঃ সোহরাব আলী | সহকারী পরিদর্শক | ০১৭২৮৩১৬৯২৯ | sharabali1985@gmail.com |
| মোঃ মুকুল হোসেন | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ০১৭৪৮২২৭২৮৬ | hossainmukul60@gmail.com |

# প্রারম্ভিকা

**বীরগঞ্জ** উপজেলাটি দিনাজপুর জেলা এবং ঠাকুরগাঁও জেলার মাঝামাঝি স্থানে অবস্থিত। দিনাজপুর জেলা সদর হতে এর দূরত্ব ২৮ কি: মি:। এ উত্তরে পঞ্চগড় জেলার দেবীগঞ্জ **উপজেলা** ও ঠাকুরগাঁও সদর **উপজেলা,** দক্ষিণে কাহারোল **উপজেলা,** পূর্বে খানসামা **উপজেলা,** পশ্চিমে বোচাগঞ্জ **উপজেলা,** রংপুর জেলার পীরগঞ্জ **উপজেলা** ও ঠাকুরগাঁও সদর **উপজেলা**। **বর্তমান বীরগঞ্জ জেলায় ১৮৮টি সমবায় সমিতি এবং ২২৭১৮ জন ব্যক্তি সদস্য রয়েছে।**

# ১ম অধ্যায়

## ১ উপজেলা সমবায় কার্যালয়, বীরগঞ্জ দিনাজপুর এর রূপকল্প , অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

### ১.১ রূপকল্প;

**টেকসই সমবায়, টেকসই উন্নয়ন।**

### ১.২ অভিলক্ষ্য;

**সকল নিবন্ধিত সমবায় সমিতি সমূহের বাস্তব পদক্ষেপ গ্রহণ করা এবং বাস্তবতাকে সফল করতে হলে প্রচলিত সমবায় আইনকে আরো যুগোপযোগী করতে হবে।**

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ;

**১.উৎপাদন, আর্থিক ও সেবাখাতে টেকসই সমবায় গঠন;**
**২. দক্ষতা বৃদ্ধির মাধ্যমে সমবায়ের মানোন্নয়ন;**
**৩. মানসম্পন্ন ও নিরাপদ সমবায় পণ্য উৎপাদন ও প্রসার;**
**৪. দরিদ্র ও অনগ্রসর মহিলাদের সক্ষমতা বৃদ্ধি ও সম্পদের অধিকার অর্জনে কার্যক্রম গ্রহণ।**

### ১.৪ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ;

**১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;**
**২.কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন;**
**৩. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন;**
**৪. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;**

### ১.৫ কার্যাবলী;

**১. সমবায়নীতিতে উদ্বুদ্ধকরণ ও নিবন্ধন প্রদান;**
**২.সমবায় নিরীক্ষা, পরিদর্শন, ও তদারকির মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা করা;**
**৩.সমবায় সদস্য বৃন্দকে প্রায়োগিক প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি এবং মূলধন সৃষ্টি ও আত্ম-করর্মস্থানের মাধ্যমে দারিদ্র হ্রাস করা ;**
**৪. সমবায় নেটওয়ার্কিং জোরদার করার লক্ষ্যে সমবায় মূল্যবোধের প্রচার, প্রকাশনা, সেমিনার ও কর্মশালার আয়োজন করা**
**৫. পুঁজি গঠন ও বিনিয়োগের মাধ্যমে মূলধন সৃষ্টি এবং সমবায়ভিত্তিক ব্যবসা প্রতিষ্ঠান গড়ে তোলা;**
**৬.সমবায়ভিত্তিক প্রকল্পের মাধ্যমে গ্রামীণ মহিলাদের ক্ষমতায়ন ও আর্থ-সামাজিক উন্নয়ন;**
**৭. সমবায় পণ্য ব্র্যান্ডিং ও বাজার সংযোগ প্রতিষ্ঠা করা ;**
**৮. অভিলক্ষ্য অর্জনে প্রয়োজনীয় নীতিমালা, উন্নয়ন কর্মসূচি এবং উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন করা ;**

# ২য় অধ্যায়

### ২.১ উল্লেখযোগ্য সাফল্য

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে উপজেলা সমবায় কার্যালয়, বীরগঞ্জ দিনাজপুর বিগত বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জনে সক্ষম হয়েছে। কর্মকর্তাগণের উদ্ভাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরও গণমানুষের সংগঠনে পরিণত করতে ও এর গুণগত মান উন্নয়নে সারাদেশে উৎপাদনমুখী ও সেবাধর্মী সমবায় গঠন, সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন, সমবায় পণ্য উৎপাদন ও  বাজারজাতকরণে সহায়ক ভূমিকা পালন করতে সক্ষম হয়েছে। ৫০ জন সমবায়ীকে ভ্রাম্যমাণ প্রশিক্ষণের মাধ্যেমে চাহিদাভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চাহিদাভিত্তিক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে ৪৫ জনের আত্ম-কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে। এছাড়াও ‘রূপকল্প ২০২১’, ‘এসডিজি’ অর্জন এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোকে সমবায় অধিদপ্তর কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। বাস্তবায়িত ও চলমান এ সকল প্রকল্পগুলোর মাধ্যমে বিগত ০৩ বছরে অনেক গ্রামীণ মহিলা ও বেকার যুবককে স্বাবলম্বী করা সম্ভব হয়েছে।

### ২.২ সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

উন্নয়নমুখী ও টেকসই সমবায় গঠনের মাধ্যমে বীরগঞ্জ উপজেলার বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে উপজেলা সমবায় কার্যালয়, বীরগঞ্জ, দিনাজপুর চ্যালেঞ্জ বহুবিধ। এ নিবন্ধিত সমবায় এর সংখ্যা ১৮৮। নানা শ্রেণি ও পেশার সম্মিলনে তৈরী হওয়া  বৈচিত্রময় কার্যক্রমপূর্ণ এ বিপুল সমবায়কে নিয়মিত অডিট করানিবিড়ভাবে , মনিটরিং করা এবং সদস্যদেরকে দক্ষ ও আন্তরিক সমবায়ী হিসেবে গড়ে তোলা অন্যতম বড় চ্যালেঞ্জ। সমবায়ীগণের চাহিদা পূরণে প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান সময়ের অন্যতম দাবী। কিন্তু প্রয়োজনীয় জনবলপ্রয়োজনীয় যানবাহন , ও পর্যাপ্ত অর্থ বরাদ্দ না থাকায় রুটিন কাজের মাধ্যমে এ সমস্যার সমাধান সম্ভব হচ্ছে না। তাছাড়া মাঠপর্যায়ে চাহিদা অনুযায়ী উন্নয়ন প্রকল্প না থাকায় সমবায়কে ব্যাপকভাবে উন্নয়নমুখী কার্যক্রমে সম্পৃক্ত করা যাচ্ছে না।

### ৩.২ ভবিষ্যৎ পরিকল্পনা :

সমবায় এর সংখ্যা যৌক্তিক পর্যায়ে নিয়ে আসার জন্য অবসায়নে ন্যস্ত সমবায় সমিতিগুলোর অবসায়ন দ্রুত নিষ্পত্তি করা আগামী অর্থ বছরের অন্যতম প্রধান লক্ষ্য। সেজন্য নিবন্ধন বাতিল ও অকার্যকর হয়ে পড়া সমবায় সমিতিসমূহকে পুনকার্যকর করার পদক্ষেপ গ্রহণ করা হবে। পাশাপাশি উপজেলাভিত্তিক সুনির্দিষ্ট সংখ্যক সমিতি চিহ্নিত করে উৎপাদনমুখী সমিতিতে রূপান্তর করার উদ্যোগ বাস্তবায়ন করা হবে। উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে বিভাগীয় সমবায় কার্যালয়ের নাগরিক সেবা সহজ করা ও ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান করার মাধ্যমে সমবায় উদ্যোক্তা সৃষ্টি করা ও আত্ম-কর্মসংস্থানের পথ সুগম করাও অন্যতম লক্ষ্য। সমবায়ের মাধ্যমে দেশীয় উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তাদের নিকট সুলভ মূল্যে পৌছে দেয়ার লক্ষ্যে সমবায় পণ্যের ব্র্যান্ডিং, বাজারজাতকরণে সহায়তা করা হবে। এছাড়া সমবায়ের মাধ্যমে নৃসুবিধাবঞ্চিত ও অনগ্রসর জনগোষ্ঠী ও  মহিলাদের সরাসরি ও বিকল্প কর্মসংস্থান  ,তাত্ত্বিক জনগোষ্ঠী- সামাজিক ও ,সৃষ্টিআর্থিক বৈষম্য হ্রাস এবং জীবনযাত্রার মান উন্নয়নে ও ক্ষমতায়নের জন্য প্রকল্পকর্মসূচি গ্রহণে সমবায় / কর্মসূচির প্রস্তাব প্রেরণ করা হবে।/অধিদপ্তরে প্রকল্প

## উপজেলা সমবায় কার্যালয়, বীরগঞ্জ, দিনাজপুর ২০২২-২৩ অর্থ বছরের উল্লেখযোগ্য কার্যক্রমঃ



বীরগঞ্জ উপজেলায় দিনব্যাপী ভ্রাম্যমান প্রশিক্ষণের চিত্র




৫১তম জাতীয় সমবায় দিবসের চিত্র।




ঝলঝলী বহুমুখী সমবায় সমিতি লিঃ এর ২১তম বার্ষিক সাধারণ সভার চিত্র।

# ৩য় অধ্যায়

## ৩. সমবায় সমিতি সংক্রান্ত তথ্য

## ৩.১ উপজেলার কার্যকর ও অকার্যকর  সমিতির সংখ্যা

## ৩.২ জেলার সমিতির সদস্য সংখ্যা

| উপজেলার নাম | কার্যকর সমিতির সংখ্যা | অকার্যকর সমিতির সংখ্যা | মোট সমিতির সংখ্যা | মোট সমিতির সদস্য  সংখ্যা |
|---|---|---|---|---|
| বীরগঞ্জ | ১৮৮ | --- | ১৮৮ | **২২৭১৮** |

## ৩.৩ জেলার সমবায় সমিতির শেয়ার মুলধন,সঞ্চয় আমানত,কার্যকারী মুলধন , ঋণ বিতরণ ও আদায়

| উপজেলার নাম | **শেয়ার মুলধন,** | **সঞ্চয় আমানত** | **কার্যকারী মুলধন** | **ঋণ বিতরণ** | **ঋণ আদায়** |
|---|---|---|---|---|---|
| বীরগঞ্জ | ২১৭.৪২ | ৫০২.৭২ | ১৪৩৪.৫৫ | ৩৩৬৫.৪৫ | ২১৪৬.৫৬ |

## ৩.৭  সমিতির লভ্যাংশ বিতরণ

| উপজেলার নাম | লভ্যাংশ বিতরণের লক্ষ্যমাত্রা | | লভ্যাংশ বিতরণকৃত অর্থের  পরিমান | |
|---|---|---|---|---|
| | সাধারণ | মোট | সাধারণ | মোট |
| বীরগঞ্জ | ২৭১২৫০৮ | ২৭১২৫০৮ | ২৭১২৫০৮ | ২৭১২৫০৮ |

## ৩.৮ ২০২১-২০২২ অর্থ বছরের ধার্যকৃত সিডিএফ এর পরিমাণ

| ক্রমিক নং | উপজেলার নাম | ধার্যকৃত সমিতির সংখ্যা সাধারণ | | | ধার্যকৃত সিডিএফ ফি এর পরিমাণ | | | প্রাথমিক ধার্যকৃত সমিতির সংখ্যা | | | প্রাথমিক ধার্যকৃত সিডিএফ এর পরিমাণ | | | সর্বমাট সমিতির সংখ্যা | সর্বমোট ধার্যকৃত সিডিএফ এর পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সাধারন | পউব | মোট | সাধারন | পউব | মোট | সাধারন | পউব | মোট | সাধারন | পউব | মোট | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| ০১ | বীরগঞ্জ | ১ | ০ | ১ | ৪৪৫ | ০ | ৪৪৫ | ৭৩ | ০ | ৭৩ | ১৫৯৫২৬ | ০ | ১৫৯৫২৬ | ৭৪ | ১৫৯৯৭১ |

## ৩.৯ ২০২১-২০২২ অর্থ বছরের ধার্যকৃত অডিট ফি এর পরিমাণ

| ক্রমিক নং | উপজেলার নাম | ধার্যকৃত সমিতির সংখ্যা সাধারণ | | | ধার্যকৃত অডিট ফি এর পরিমাণ | | | প্রাথমিক ধার্যকৃত সমিতির সংখ্যা | | | প্রাথমিক ধার্যকৃত অডিট এর পরিমাণ | | | সর্বমাট সমিতির সংখ্যা | সর্বমোট ধার্যকৃত অডিট এর পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সাধারন | পউব | মোট | সাধারন | পউব | মোট | সাধারন | পউব | মোট | সাধারন | পউব | মোট | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| ০১ | বীরগঞ্জ | ১ | ০ | ১ | ১৪৯০ | ০ | ১৪৯০ | ৭১ | ০ | ৭১ | ১৫০৫০০ | ০ | ১৫০৫০০ | ৭২ | ১৫০৫০০ |

## বীরগঞ্জ উপজেলার ২০২১-২০২২  অডিট বর্ষের চিত্র

| **ক্রঃ নং** | **উপজেলার নাম** | **কেন্দ্রীয় অডিট বরাদ্দ** | **অডিট সম্পাদন** | **প্রাথমিক অডিট বরাদ্দ** | **অডিট সম্পাদন** |
|---|---|---|---|---|---|
| **১** | **২** | **৩** | **৫** | **৬** | **৮** |
| **৫** | **বীরগঞ্জ** | **০১** | **০১** | **১৬৭** | **১৬৭** |
| | **কালব্ ভূক্ত সমিতি** | **-** | **-** | **০৩** | **০৩** |
| | **মোট =** | **০১** | **০১** | **১৭০** | **১৭০** |

**বিঃ দ্রঃ কালব্ ভূক্ত সমিতি - ০৩টি (যা কালব্ কর্তৃক অডিট সম্পাদিত হয়)।**

## ষ্ঠ অধ্যায়৫

## ৬. জেলা পর্যায়ে জাতীয় সমবায় পুরস্কার ২০২১ এর মনোনয়নের তালিকা

| ক্রঃ নং | সমিতির শ্রেনী | সমবায় সমিতির নাম ও ঠিকানা | উপজেলার কমিটির প্রা নম্বর |
|---|---|---|---|
| ১ | বহুমুখী সমবায় সমিতি | ঝলঝলী বহুমুখী সমবায় সমিতি লিঃ<br>গ্রামঃ ঝলঝলী, ডাকঘরঃ পলাশবাড়ী, উপজেলাঃ বীরগঞ্জ, জেলাঃ দিনাজপুর। | ৯৯ |
| ২ | সঞ্চয় ও ঋণদান/ক্রেডিট সমবায় সমিতি | বীরগঞ্জ সু প্রতিবেশী সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ<br>গ্রামঃ মাহানপুর, ডাকঘরঃ মাহানপুর, উপজেলাঃ বীরগঞ্জ, জেলাঃ দিনাজপুর। | ৯৮ |
| ৩ | যুব সমবায় সমিতি | মুরারীপুর মাঝাপাড়া যুব সমবায় সমিতি লিঃ<br>গ্রামঃ মুরারীপুর, ডাকঘরঃ ভেলামুরারীপুর, উপজেলাঃ বীরগঞ্জ, জেলাঃ দিনাজপুর। | ৭৮ |
| ৪ | কৃষি ভিত্তিক/সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি | পল্লীসেবা কৃষি সমবায় সমিতি লিঃ,<br>গ্রামঃ শিবরামপুর, ডাকঘরঃ দেউলী, উপজেলাঃ বীরগঞ্জ, জেলাঃ দিনাজপুর। | ৮৪ |
| ৫ | মৎস্যজীবি সমবায় সমিতি | নিজপাড়া মৎস্যজীবি সমবায় সমিতি লি:<br>গ্রামঃ নিজপাড়া, ডাকঘরঃ বলরামপুর, উপজেলাঃ বীরগঞ্জ, জেলাঃ দিনাজপুর। | ৭৮ |
| ৬ | মুক্তিযোদ্ধা সমবায় সমিতি | বীরগঞ্জ উপজেলা মুক্তিযোদ্ধা সমবায় সমিতি লিঃ<br>গ্রামঃ সুজালপুর, ডাকঘরঃ বীরগঞ্জ, উপজেলাঃ বীরগঞ্জ, জেলাঃ দিনাজপুর। | ৬৩ |

## ষ্ঠ অধ্যায়৬

## ৬.ভ্রাম্যমান প্রশিক্ষণ

| ক্রঃ নং | উপজেলার নাম | বাৎসরিক লক্ষ্যমাত্রা | | | | বিগত মাস পর্যন্ত অগ্রগতি | | | | চলতি মাসের অগ্রগতি | | | | ক্রমপুঞ্জিভূত অগ্রগতি | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২০২২-২০২৩ | | | | | প্রশিক্ষণার্থী | | | | প্রশিক্ষণার্থী | | | | প্রশিক্ষণার্থী | | |
| | | কোর্স | পুরুষ | মহিলা | মোট | কোর্স | পুরুষ | মহিলা | মোট | কোর্স | পুরুষ | মহিলা | মোট | কোর্স | পুরুষ | মহিলা | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ |
| ৫ | বীরগঞ্জ | ০২ | ৪০ | ১০ | ৫০ | ০২ | ৪০ | ১০ | ৫০ | - | - | - | - | ০২ | ৪০ | ১০ | ৫০ |

## ৭ম অধ্যায়. প্রকল্প

কআশ্রয়ণ .

| জেলার নাম | প্রকল্পের সংখ্যা | ব্যারক সংখ্যা | বসবাসরত পরিবার | ঋণ দাদন | ঋণ আদায়(আসল) |
|---|---|---|---|---|---|
| দিনাজপুর | ৩ | ২০ | ২০০ | ৫৩৬৪৫০০ | ৪৩৫৭৩৬৯ |

খ২-আশ্রয়ণ ফেইজ .

| জেলার নাম | প্রকল্পের সংখ্যা | ব্যারক সংখ্যা | বসবাসরত পরিবার | ঋণ দাদন | ঋণ আদায় (আসল) |
|---|---|---|---|---|---|
| দিনাজপুর | **৮** | **৩৮** | **৩৮০** | **৭৩০৯৫০০০** | **৬৩৭২৬৯৬** |

## ৮ম অধ্যায়

৯. উপজেলা সমবায় কার্যালয়, বীরগঞ্জ দিনাজপুর এর জনবল সম্পর্কিত তথ্যঃ

**উপজেলা সমবায় কার্যালয় বীরগঞ্জ দিনাজপুর এর জুলাই/২০২৩ হতে সেপ্টেম্বর/২০২৩ খ্রিঃ মাস পর্যন্ত মঞ্জুরীকৃত পদ ও শুন্য পদের বিবরনী।**

| ক্র নং | পদের নাম | মঞ্জুরীকৃত পদের সংখ্যা | কর্মরত পদের সংখ্যা | শুন্য পদের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১. | উপজেলা সমবায় অফিসার | ০১ | ০ | ০১ | |
| ০২. | সহকারী পরিদর্শক | ০২ | ০২ | ০ | |
| ০৩. | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ০১ | ০১ | ০ | |
| ০৪. | অফিস সহায়ক | ০১ | ০ | ০১ | |

## ধন্যবাদ।